তারিখ ..20 SEP 2016.. ...
পৃষ্ঠা ৩..৬.. কলাম...৬......

যুগান্তর

# কুবির একাডেমিক কার্যক্রম চালু হচ্ছে ২৫ সেপ্টেম্বর

**কুমিল্লা ব্যুরো**

কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) টানা ৫৫ দিন বন্ধ থাকার পর অবশেষে একাডেমিক কার্যক্রম চালু করার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে খালিদ সাইফুল্লাহ নামে এক শিক্ষার্থী নিহত হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ায় ১ আগস্ট কর্তৃপক্ষ একাডেমিক কার্যক্রম অনির্দিষ্ট কালের জন্য বন্ধ ঘোষণা করেন। দীর্ঘ ৫৫ দিন পর ২৫ সেপ্টেম্বর কুবির একাডেমিক কার্যক্রম চালু হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুজিবুর রহমান মজুমদার বিষয়টি নিশ্চিত করেছেন।

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, ৩০ আগস্ট বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের ৬৩তম সভায় একাডেমিক কার্যক্রম চালুর সিদ্ধান্ত গৃহীত হয়। সিন্ডিকেটের সিদ্ধান্তে বলা হয়, আগামী ২৫ সেপ্টেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ের সব প্রকার একাডেমিক কার্যক্রম চলবে। ২৪ সেপ্টেম্বর থেকে শিক্ষার্থীদের জন্য আবাসিক হল খুলে দেয়া হবে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে কোনো ধরনের সভা, সমাবেশ এবং মিছিল করা যাবে না।